

রপ্তানি বৃদ্ধি
জাতির সমৃদ্ধি

রপ্তানি উন্নয়ন ব্যুরো
EXPORT PROMOTION BUREAU



নং- ২৬.০২.০০০০.০০৬.১৬.৫৪৩.১৫-১৮৬৯(১)


তারিখঃ ১০ আশ্বিন ১৪২৬
২৫ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ রপ্তানি উন্নয়ন ব্যুরোর উত্তম চর্চার তালিকার প্রতিবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে রপ্তানি উন্নয়ন ব্যুরোর রপ্তানি উন্নয়ন ব্যুরোর উত্তম চর্চার তালিকার প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংলগ্নীঃ

ক) রপ্তানি উন্নয়ন ব্যুরোর উত্তম চর্চার তালিকার প্রতিবেদন -এক পাতা


২৫.০৯.২০১৯
(মাহমুদুল হাসান)
(উপসচিব)

উপ-পরিচালক (প্রশাসন)

ফোনঃ ৮১৮০০৯৩

dd-admin@epb.gov.bd

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ জনাব মোহাম্মদ জালাল উদ্দীন, উপ-সচিব (বাজেট অধিশাখা)]।

অনুলিপিঃ

- ১। সহকারী পরিচালক, ভাইস-চেয়ারম্যানের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। পি, এ, টু মহাপরিচালক ১/২, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক ১/২ মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। পি, এ, টু সচিব, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



রপ্তানি উন্নয়ন ব্যুরো EXPORT PROMOTION BUREAU



রপ্তানি উন্নয়ন ব্যুরোর উত্তম চর্চার তালিকার প্রতিবেদন

দ্রুত পরিবর্তনশীল ও তীব্র প্রতিযোগিতামূলক বিশ্ব বাণিজ্যে টিকে থেকে দেশের রপ্তানি বাণিজ্যের উত্তরোত্তর সমৃদ্ধি ও প্রসারের মাধ্যমে বৈদেশিক বাণিজ্যে ভারসাম্য অর্জন ও অর্থনৈতিক উন্নয়নে রপ্তানি উন্নয়ন ব্যুরোর উত্তম চর্চাসমূহের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি নিম্নরূপঃ

- ★ সমন্বয়যোগ্য সমন্বিত রপ্তানি উন্নয়ন পরিকল্পনা, কলা-কৌশল, কর্মসূচী ও জাতীয় রপ্তানি নীতি প্রণয়ন, পর্যালোচনা এবং তা বাস্তবায়নে রপ্তানি উন্নয়ন ব্যুরো সরকারকে সহায়তা প্রদান করছে;
- ★ রপ্তানিযোগ্য পণ্য অন্বেষণ, উন্নয়ন, উপযোগীকরণ, বহুমুখীকরণ এবং যোগান ও সরবরাহে প্রয়োজনীয় সেবা/সহযোগিতা প্রদানপূর্বক দেশের রপ্তানি ভিত্তি সম্প্রসারণ করছে;
- ★ পৃথিবীর বিভিন্ন দেশে প্রতিষ্ঠিত রপ্তানি বাজারকে সুসংহতকরণসহ রপ্তানি পণ্যের নতুন নতুন বাজার অনুসন্ধানের উদ্দেশ্যে আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ এবং একক দেশীয় মেলা/প্রদর্শনীর আয়োজন, বিদেশে মার্কেটিং মিশন/ট্রেড ডেলিগেশন প্রেরণ ও সম্মেলন আয়োজন করছে এবং রপ্তানি বৃদ্ধিকল্পে বহিঃবিশ্বে পণ্য প্রচার ও প্রসারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও তা বাস্তবায়ন করছে;
- ★ বিশ্বায়ন ও অর্থনৈতিক উদারীকরণের প্রেক্ষাপটে রপ্তানি সংশ্লিষ্ট মানব সম্পদ উন্নয়নে জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় বছর ব্যাপী সারা দেশে রপ্তানি সংশ্লিষ্ট বিষয় ভিত্তিক বিভিন্ন ওয়ার্কসপ/সেমিনার আয়োজনপূর্বক ট্রেড বডি, ব্যবসায়ীসহ রপ্তানি সংশ্লিষ্ট সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের রপ্তানি সক্ষমতা বৃদ্ধিকরণসহ রপ্তানি বান্দব মানব সম্পদ উন্নয়ন করছে;
- ★ জাতীয় রপ্তানি আয়ের গতিধারা নিয়মিত পর্যালোচনা, বিশ্লেষণ ও মূল্যায়নপূর্বক উত্তরোত্তর রপ্তানি প্রবৃদ্ধির লক্ষ্যে প্রতি অর্থ বছরের রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তা অর্জনে কার্যকর ভূমিকা রাখছে;
- ★ আন্তর্জাতিক বাজারে বাংলাদেশি পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকার সুবিধা লাভের প্রচেষ্টায় এবং রপ্তানি বাণিজ্যে শুল্ক/অশুল্ক বীধাসমূহ দূরীকরণে সরকারকে সহযোগিতা প্রদান ছাড়াও অগ্রাধিকারমূলক বাণিজ্য ব্যবস্থার আওতায় দাতাদেশ কর্তৃক প্রদত্ত বিভিন্ন শুল্ক সুবিধার যথাযথ ব্যবহারে কার্যকর ভূমিকা রাখছে;
- ★ বিভিন্ন দেশ, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার সাথে যাবতীয় বাণিজ্য চুক্তি সম্পাদনে সরকারকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করছে;
- ★ আধুনিক তথ্য কেন্দ্র পরিচালনার মাধ্যমে রপ্তানিকারকসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় হালনাগাদ বাণিজ্য তথ্য ও পরামর্শ প্রদান করছে এবং গবেষণা ও বাণিজ্যিক নীতি নির্ধারণের সুবিধার্থে রপ্তানি পরিসংখ্যানসহ রপ্তানি সংশ্লিষ্ট বিভিন্ন প্রকার তথ্যবহুল প্রকাশনা মুদ্রণ, বিতরণ এবং প্রচার ও প্রসারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও সহযোগিতা প্রদান করছে;
- ★ আন্তর্জাতিক রপ্তানি বাজার বিশ্লেষণ করা, রপ্তানি সম্ভাবনাময় পণ্য ও বাজারের উপর গবেষণা, সমীক্ষা ও স্টাডি পরিচালনা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে;
- ★ সেবা সহজীকরণের জন্য REX(Registered Exporter System) ব্যবস্থার প্রবর্তন;
- ★ সিআইপি কার্ড ও রপ্তানি ট্রপি নির্বাচনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের তৈরীকৃত সফটওয়্যার ব্যবহার করা; এবং
- ★ সেবা সহজীকরণে নতুন নতুন উদ্ভাবনী ধারণা নির্বাচন করা।